# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫১৯১

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفصْلُ الثَّنِفْ

---

### আরবী

وَعَن عبيدِ الله بنِ مِحْصَنٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ: «مَنْ أَصْبَحَ مِنْكُمْ آمِنًا فِي سِرْبِهِ مُعَافًى فِي جَسَدِهِ عِنْدَهُ قُوتُ يَوْمِهِ فَكَأَنَّمَا حِيزَتْ لَهُ الدُّنْيَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

اسناده حسن ، رواه الترمذی (2346) ۔

(صَحِيح)

### বাংলা

৫১৯১-[৩৭] ’উবায়দুল্লাহ ইবনু মিহসান (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: তোমাদের মধ্যে যে লোক নিজের গৃহে নিরাপদে শারীরিক সুস্থতা সহকারে ভোর করে এবং তার কাছে সে দিনের প্রাণ রক্ষা পরিমাণ খাদ্যদ্রব্য বিদ্যমান থাকে, তার জন্য যেন দুনিয়ার সমস্ত নি’আমাত একত্রিত করে দেয়া হয়েছে। (তিরমিযী এবং তিনি বলেছেন হাদীসটি গরীব।)

### ফুটনোট

হাসান : তিরমিযী ২৩৪৬, ইবনু মাজাহ ৪১৪১, সহীহুল জামি ৬০৪২, সহীহ আত তারগীব ওয়াত তারহীব ৮৩৩, সহীহ আল আদাবুল মুফরাদ ২৩০, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৩১৮, মুসনাদুল হুমায়দী ৪৩৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : (مَنْ أَصْبَحَ مِنْكُمْ آمِنًا) অর্থাৎ-‘‘যে ব্যক্তি তার মনে শত্রুর আক্রমণের কোন ভয় ছাড়াই নিরাপদে সকাল

করবে।” (ي سِرْبِهِ) এখানে (سِرْبِهِ) শব্দের অর্থ হলো অন্তর। কারো মতে, একটি জামা'আত বা দল। অতএব অর্থ হবে নিজ পরিবারের। অনেকে (س) শব্দে যবর দিয়ে পড়েন তখন এর অর্থ হবে চলার পথে। আবার কারো মতে, (س) এবং (راء), দুটোতেই যবর যোগে তখন তার অর্থ হবে বাড়িতে। অতএব যে অর্থেই তা আসুক কেন এখানে অধিক গুরুত্ব বুঝাতে ব্যবহার করা হয়েছে।

(مُعَافًى) উক্ত শব্দের অর্থ হলো, সহীহ সালামতে ও সুস্থ অবস্থায়।

মোট কথা হলো, যে ব্যক্তি শত্রুর আক্রমণ অথবা পরকালের শাস্তির আশঙ্কামুক্ত হয়ে নিরাপদে ভোরে উপনীত হলো সুস্থ শরীর নিয়ে আর তার নিকট দিন যাপনের জন্য পর্যাপ্ত পরিমাণ খাবার সামগ্রী থাকে তাকে যেন দুনিয়ার সকল নি'আমাতে সিক্ত করা হয়েছে। এজন্যই বলা হয়ে থাকে যে, সে তো ঈদের আনন্দ পায়নি যে ব্যক্তি নতুন কাপড় পরিধান করেছে। বরং প্রকৃত ঈদের আনন্দ সেই পেয়েছে যে ব্যক্তি পরকালের শাস্তি থেকে নিরাপত্তা লাভ করেছে। (তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা. ২৩৪৬; মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উবাইদুল্লাহ বিন মিহস্বান খাত্বমী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85171

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন